# ১০০ দিনের শ্রমিকদের এবার ফেস রেকগনিশন করার নিদান কেন্দ্রের!

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ১০০ দিনের কাজ সহ অন্যান্য বকেয়া আদায়ের লক্ষ্যে দিল্লি উড়ে গিয়েছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দেখা করবেন প্রধানমন্ত্রীর সঙ্গেও। এরই মধ্যে ১০০ দিনের কাজ নিয়ে নয়া নিয়ম চালু করতে চলেছে কেন্দ্র। এবার এই প্রকল্পের কাজের হিসেব রাখতে উপভোক্তাদের 'ফেস রেকগনিশন'



পদ্ধতি ব্যবহার করতে চলেছে মোদি সরকার। ২০২৪ সাল থেকেই এই নয়া নিয়ম কার্যকর করা হবে বলে সব রাজ্যকে জানানো হয়েছে। তবে বাংলায় এই নিয়ম চালু করা নিয়ে বিতর্কের সৃষ্টি হয়েছে। কারণ, রাজ্য প্রশাসনের বক্তব্য, যে-প্রকল্পের টাকা আটকে রেখেছে কেন্দ্র এবং নতুন করে শ্রমদিবস সৃষ্টির টার্গেটও দেওয়া হয়নি, সেই প্রকল্পের নজরদারি বাড়াতে নয়া নিয়মের নিদান কার্যত হাস্যকর।

১০০ দিনের কাজ যাঁরা করছেন তাঁদের উপস্থিতি বর্তমানে এনএমএমএস পদ্ধতিতে লিপিবদ্ধ করা হয়। কেন্দ্রের নিয়মে, প্রতিটি রাজ্যে এইভাবে হাজিরা নেওয়া হয়। এরাজ্যে কাজ না-হলেও কেন্দ্রীয় পোর্টালের সঙ্গে ইতিমধ্যেই সংযুক্ত করা হয়েছে। এই এনএমএমএস-এর মধ্যেই থাকবে ফেস রেকিগনিশন বা মুখের ছবি তুলে উপস্থিতি যাচাই করার পদ্ধতি। তবে প্রাথমিকভাবে এই প্রযুক্তি ব্যবহারের বিষয়টি সম্পূর্ণভাবেই রাজ্যের ইচ্ছার উপর ছাড়া হয়েছে। তবে রাজ্য প্রশাসনের কর্তাদের মতে পরবর্তীকালে এই নিয়ম বাধ্যতামূলকই করবে কেন্দ্র।

এবিষয় জানতে চাওয়া হলে পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, ১০০ দিনের কাজের প্রকল্পের সাত হাজার কোটি টাকা আটকে রেখেছে কেন্দ্র। বহুবার অনুরোধ সত্ত্বেও সে টাকা তারা ছাড়েনি। এবার রাজ্যের মানুষের প্রাপ্য টাকা আদায় করতে দিল্লি গিয়েছেন মুখ্যমন্ত্রী। ফলে আগে ওরা টাকা দিক, তারপর বাদবাকিটা ভেবে দেখা যাবে। এমনিতেও আমরা সমস্ত নিয়ম মেনেই চলি। একথা কেন্দ্রকেও একাধিকবার বলা হয়েছে। তা সত্ত্বেও বকেয়া টাকা মেটায়নি। তার থেকেও বড় কথা হল, রাজ্যে কাজ হলে তবেই তো উপস্থিতি গ্রহণের নয়া নিয়মের বিষয়টি সামনে আসবে।